

সেরে উঠছেন মেয়র আনিসুল হক

জুয়েল রাজ, লন্ডন থেকে ১৮ সেপ্টেম্বর, ২০১৭ ২১:১২ | পড়া যাবে ২ মিনিটে

প্রিন্ট



ধীরে ধীরে সুস্থ হয়ে উঠছেন আনিসুল হক। সোমবার কালের কণ্ঠকে এ তথ্য জানিয়েছেন [অ-](#) [অ](#) [অ+](#) লন্ডনপ্রবাসী সাংবাদিক রহমত আলী। চিকিৎসাধীন অবস্থায় কেবলমাত্র আপনজন ছাড়া তাঁর কাছে কাউকে যেতে বারণ করা হয়েছে চিকিৎসকদের পক্ষ থেকে। গত ১৩ আগস্ট থেকে লন্ডনের একটি হাসপাতালে চিকিৎসাধীন আছেন ঢাকা সিটি উত্তরের মেয়র আনিসুল হক।

মস্তিষ্কের রক্তনালীতে প্রদাহজনিত রোগে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছিলেন তিনি।

সম্প্রতি লন্ডন প্রবাসী সাংবাদিক রহমত আলী হাসপাতালে গিয়ে মেয়র আনিসুল হকের শারীরিক অবস্থা সরেজমিনে দেখে আসেন। রহমত আলী জানান, মেয়রের শরীরের বিভিন্ন অংশে মেডিক্যাল যন্ত্রাংশ লাগানো, নাকে অক্সিজেন মাস্ক লাগানো। তিনি এপাশ-ওপাশ করতে পারেন কিন্তু শরীরে চিকিৎসা সংশ্লিষ্ট নানান যন্ত্রাংশের সংযোগের কারণে দিক পরিবর্তন বা পাশ ফিরতে পারছেন না তিনি।

রহমত আরো জানান, শ্বাস-প্রশ্বাস মোটামুটি স্বাভাবিক তবে কোনো কোনো সময় একটু ঘন ঘন শ্বাস নিচ্ছিলেন মেয়র।

প্রসঙ্গত, ইনটেনসিভ কেয়ারে চিকিৎসাধীন আনিসুলের সঙ্গে দর্শনার্থীদের সাক্ষাৎ সম্পূর্ণরূপে বন্ধ রাখা হয়েছে। কেবলমাত্র তালিকাভুক্ত ঘনিষ্ঠজন ছাড়া আর কারো সেখানে যাওয়ার সুযোগ নেই। তবে চিকিৎসকদল ও পরিবারের সদস্যদের বাইরে সাংবাদিক রহমত আলী প্রথম ব্যক্তি যিনি লন্ডনের হাসপাতালে চিকিৎসাধীন মেয়র আনিসুলকে সচক্ষে দেখার সুযোগ পেলেন।

উল্লেখ্য, মেয়রের চিকিৎসার সংবাদ নিয়ে কয়দিন পরপরই নানা গুজব সৃষ্টি করে যাচ্ছে একটি পক্ষ। সম্প্রতি একটি স্বার্থান্বেষী মহল গুজব ছড়ায় যে তিনি মারা গেছেন। ওই মিথ্যা সংবাদে ব্যাপক প্রতিক্রিয়ার সৃষ্টি হয় সামাজিক মাধ্যমে। মেয়র আনিসুলের স্ত্রী রুবানা হকসহ ঘনিষ্ঠজনরা এর বিরুদ্ধে সরব হন তখন।

পারিবারিক সূত্র মতে, মূলত বাংলাদেশে থাকাকালীনই তিনি প্রথমবার এ রোগে আক্রান্ত হন। কিন্তু তখন রোগ নির্ণয় করা সম্ভব হয়নি। এরপর পারিবারিক কাজে গত ২৮ জুলাই লন্ডনে আসার পর আবারও অসুস্থ হয়ে পড়েন। সঙ্গে সঙ্গে তাঁকে হাসপাতালে ভর্তি করানো হয় এবং সেখানে প্রকৃত রোগ নির্ণয় ধরা পড়ে। বর্তমানে একটি মেডিক্যাল বোর্ডের তত্ত্বাবধানে তার চিকিৎসা চলছে।

হাসপাতাল সূত্র জানায়, এখনো ইনটেনসিভ কেয়ারে রয়েছেন তিনি। তাঁর শারীরিক অবস্থা স্বাভাবিক হতে আরো কয়েক মাস সময় লাগতে পারে বলে চিকিৎসকদের পক্ষ থেকে বলা হয়েছে। তবে পূর্বের চাইতে তার অবস্থা এখন ভালো এবং ক্রমশ তা উন্নতির দিকে যাচ্ছে।